তারিখ ... 23 APR 2017 ...
পৃষ্ঠা ... ২৬ ... কলাম ... ২ ...

দৈনিক
জনকণ্ঠ

# নওগাঁয় ক্ষুদে শিক্ষার্থীদের সঞ্চয় সাড়ে ৫ কোটি টাকা

**নিজস্ব সংবাদদাতা, নওগাঁ ॥** নওগাঁ জেলায় পরিচালিত ৩৩টি ব্যাংকের মাধ্যমে এ পর্যন্ত স্কুল ব্যাংকিং কর্মসূচীর আওতায় ছাত্রছাত্রীর মোট ২৫ হাজার ৫৮৭টি হিসাবে ৫ কোটি ৪৪ লাখ ২৫ হাজার টাকা সঞ্চিত হয়েছে। শনিবার বেলা ১১টায় নওগাঁ জেলা স্কুল মাঠে আয়োজিত স্কুল ব্যাংকিং মেলার উদ্বোধনী অনুষ্ঠানে এ তথ্য জানানো হয়। এই কর্মসূচীর লিড ব্যাংক হিসেবে দায়িত্বরত মার্কেন্টাইল ব্যাংক নওগাঁ শাখার আয়োজনে মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংক বগুড়ার নির্বাহী পরিচালক কাজী ছাইদুর রহমান। মার্কেন্টাইল ব্যাংক নওগাঁ শাখা ব্যবস্থাপক ও সিনিয়র ভাইস প্রেসিডেন্ট কামরুজ্জামানের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন নওগাঁর সিনিয়র সহকারী পুলিশ সুপার (ডিএসবি) ফারজানা হোসেন এবং মার্কেন্টাইল ব্যাংক প্রধান কার্যালয়ের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর আদিল রায়হান।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর